গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোহার, ঢাকা।
http://dohar.dhaka.gov.bd/

নম্বর: ০৫.৪১.২৬১৮.০০০.৯৯.০৩৪.০০১.২০-৬৩ (২০০)

তারিখ: ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি

দোহার উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক দোহার উপজেলার কার্তিকপুর ইউনিয়ন ও মাহমুদপুর ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত অটোরিক্স-অটোটেম্পু-মিশুক যানবাহন স্ট্যান্ড সমূহের ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| নং | ইউনিয়নের নাম | অটোরিক্সা-অটোটেম্পু-মিশুক যানবাহন স্ট্যান্ড নাম | ১৪৩১ বাংলা সনের সম্ভাব্য মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ১ | কুসুমহাটি | কার্তিকপুর বাজার অটোরিক্সা-অটোটেম্পু-মিশুক যানবাহন স্ট্যান্ড | ১,২৭,২০০/- | ১২০০/- |
| ২ | মাহমুদপুর | মৈনট ঘাট অটোরিক্সা-অটোটেম্পু-মিশুক যানবাহন স্ট্যান্ড | ২,৫৪,৪০০/- | ১২০০/- |

-ঃ শর্তাবলী ঃ-

১. দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, দোহার এর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), দোহার এর কার্যালয়, দোহার থানা (পুলিশ স্টেশন), সোনালী ব্যাংক জয়পাড়া শাখা এর কার্যালয় থেকে নগদ মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্রে অংশগ্রহণের জন্য দরপত্র শিডিউল ক্রয় করা যাবে।

২. দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা থেকে ৩০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা যাবে ।

৩. দরপত্রে কোন কাটাকাটি/ঘষামাজা করা যাবে না, উদ্ধৃত দর সুস্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে।

৪. দরপত্র বিজ্ঞপ্তির ২৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত দাখিলের তারিখ সমূহে বেলা ২.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), দোহার এর কার্যালয় এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দেয়া যাবে।

৫. ১ম পর্যায়ে দাখিলকৃত দরপত্র/ দরপত্র সমূহ নীতিমালা অনুসারে গ্রহণযোগ্য না হলে পরবর্তী ধার্য তারিখ সমূহে দরপত্র আহ্বান করা হবে। এক্ষেত্রে পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়ার প্রয়োজন হবে না।

৬. কোনও কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনও দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

চলমান পাতা-০২

CamScanner

৭. দরপত্র গৃহীত হওয়ার তিনদিনের মধ্যে দরপত্র দাতাকে অবহিত করা হবে এবং দরপত্রদাতা অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমূদয় অর্থ পরিশোধ করবেন; অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে ও জামানতের অর্থ সরাসরি বাজেয়াপ্ত হবে।

৮. দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মূল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট (ইজারা মূল্যের অতিরিক্ত) চালানের মাধ্যমে কোড নং যথাক্রমে '১/১১৪১/০০৮০/০১১১' এবং '১/১১৩৩/০০১০/০৩১১' খাতে জমা প্রদান করে নিম্নস্বাক্ষরকারীর নিকট চালানের কপি জমা দিতে হবে।

৯. গৃহীত দরপত্রের সমূদয় অর্থ পরিশোধ করা হলে নির্দিষ্ট ফরমে ইজারা চুক্তি সম্পাদন করা হবে।

১০. এক যানবাহান স্ট্যান্ডের জন্য ক্রয়কৃত দরপত্র সিডিউল অন্য যানবহান স্ট্যান্ডের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না। এক পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র সিডিউল অন্য পর্যায়ে আহবানকৃত দরপত্রে সিডিউল হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না

১১. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১২. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে স্ট্যান্ডে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

১৩. প্রত্যেক স্ট্যান্ডের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১৪. ইজারাদার কোনক্রমেই স্ট্যান্ড অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১৫. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৬. ইজারাদার নিজ খরচে স্ট্যান্ড পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৭. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৮. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৯ নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক স্ট্যান্ড ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
২০. স্ট্যান্ডের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
২১. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
২২. এই দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারী ভাবে অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে, সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন।
২৩. হাট/বাজার সমূহের দরপত্র দাখিলের সময়সূচি:

| সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র গ্রহনের তারিখ ও দিন | দরপত্র গ্রহনের সময় | | দরপত্র খোলার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | | |
| ১৩-০২-২০২৪ | ১৪-০২-২০২৪ | সকাল ০৯:০০ টা | বেলা ০২:০০ টা | দুপুর ৩:০০ টা | -- |
| ০৪-০৩-২০২৪ | ০৫-০৩-২০২৪ | সকাল ০৯:০০ টা | বেলা ০২:০০ টা | দুপুর ৩:০০ টা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ১৯-০৩-২০২৪ | ২০-০৩-২০২৪ | সকাল ০৯:০০ টা | বেলা ০২:০০ টা | দুপুর ৩:০০ টা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ২৯-০৩-২০২৪ | ৩০-০৩-২০২৪ | সকাল ০৯:০০ টা | বেলা ০২:০০ টা | দুপুর ৩:০০ টা | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ০৫-০৪-২০২৪ | ০৬-০৪-২০২৪ | সকাল ০৯:০০ টা | বেলা ০২:০০ টা | দুপুর ৩:০০ টা | ৪র্থ পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |

২৫/০১/২০২৪

(মো: জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা
ই-মেইল:unodohar@gmail.com

চলমান পাতা (০৩)

CamScanner

নম্বর: ০৫.৪১.২৬১৮.০০০.৯৯.০৩৪.০০১.২০- ৬৩ (২০০)

তারিখ: ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা।
২. জেলা প্রশাসক, ঢাকা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা।
৪. মেয়র, দোহার পৌরসভা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
৫. সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা ( তাঁকে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতঃ দরপত্র দাখিলের তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)
৬. অফিসার ইনচার্জ, দোহার থানা, ঢাকা।
৭. উপজেলা প্রকৌশলী, দোহার, ঢাকা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
৮. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (তাঁকে নিজ এলাকার হাট-বাজার সমূহে দরপত্র বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে সর্ব সাধারণের মধ্যে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।)
৯. পোস্ট-মাষ্টার, জয়পাড়া (দোহার), ঢাকা-১৩৩০ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১০ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কুসুমহাটি/দোহার ইউনিয়ন ভূমি অফিস, দোহার, ঢাকা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ও প্রকাশ্য স্থানে টানানো সহ বহুল প্রচারের জন্য স্থানীয় স্ট্যান্ডের ঢোল সহরতের মাধ্যমে সর্ব সাধারণের মধ্যে প্রচার করার অনুরোধ করা হলো।)
১১. জনাব ..........................................................................................
প্রাক্তন ইজারাদার.............................................................................. বাজার/হাট।
১২. অত্রাফিসের নোটিশ বোর্ড।
১৩. অফিস কপি।

২৩/০১/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা

CamScanner